

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
( জেলা পরিষদ শাখা)

স্মারক নং জেপশা/জেপ-২৫/৯৩/ ১২০৬(৫০০)

তারিখঃ ১২ -০৪-২০০৫ ইং


বিষয় : জেলা পরিষদের যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের জন্য জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটি গঠন প্রসংগে।

উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ইতোপূর্বে গঠিত জেলা পরিষদ দরপত্র কমিটি বাতিল পূর্বক নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটি গঠন করা হলোঃ

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ	-	আহ্বায়ক
সচিব, জেলা পরিষদ	-	সদস্য
উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা	-	সদস্য
উপ- পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য
নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য
নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য
জেলা শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য
সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা পরিষদ	-	সদস্য-সচিব

২। এই কমিটি জেলা পরিষদ আইন, ২০০০ অনুযায়ী পূর্ণাঙ্গ জেলাপরিষদ গঠিত না হওয়া পর্যন্ত অত্র বিভাগের নির্দেশনা অনুযায়ী জেলা পরিষদের যাবতীয় কার্যক্রম পরিচালনার দায়িত্ব পালন করে যাবে। ইতোপূর্বে জেলা পরিষদের দরপত্র কমিটিতে যে সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ পূর্বক বাস্তবায়ন কিংবা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হতো এখন হতে উক্ত বিষয়সমূহ জেলা পরিষদের উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থাপন পূর্বক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন কিংবা কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতিতে সংশ্লিষ্ট জেলা পরিষদের সচিব এই কমিটির আহ্বায়কের দায়িত্ব পালন করবেন এবং সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী জেলা প্রশাসক অনুমোদন করবেন।

  
(মনিয়র আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৭১৬৯২৭৪

বিতরণঃ

- ১। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট বিভাগ।
- ২। জেলা প্রশাসক,----- (সকল)। সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী অফিসারগণকে অবহিত করার জন্যও তাঁকে অনুরোধ করা হলো।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব, জেলা পরিষদ,----- (সকল)
- ৪। উপ- পরিচালক, স্থানীয় সরকার, জেলা----- (সকল)
- ৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৬। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা----- (সকল)
- ৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা----- (সকল)
- ৮। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জেলা----- (সকল)
- ৯। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ,----- (সকল)